

নিউ গ্লেশ কনস্ট্রাকশান এর  
পক্ষে অধীরাইসড সিগলেটির -

## বিম্ব ক্ষেত্র পল্লি

মোট বিক্রয় মূল্য ..... ০০ টাকা (কমবেশী),

মৌজা - ৯৩নং গোয়াড়ী ও ৯৪নং গোবিন্দসড়ক, জেলা- নদীয়া, থানা - কোতয়ালী,  
পৌরসভা এলাকাধীন, ছয়তল আবাসন বাড়ীর ..... তলে/ ..... ফ্লোরে ..... বর্গফুট  
কভারড এরিয়া তৎসহ ২৫ শতাংশ সুপার বিল্ড সহ ..... বর্গফুট ফ্ল্যাট।

কোবলা গ্রহীতা : .....

জাতি - হিন্দু, ভারতীয় নাগরিক

সাঁ- .....

নিউ গণেশ কনস্ট্রাকশন  
 সিগনেট  
 প্রক্ষেপণ  
 কর্মসূচি  
 নথি নং ৩  
 তত্ত্ব প্রক্ষেপণ  
 কর্মসূচি  
 নথি নং ১

-১০১ ২১০-

কোবালা দাতা :

নিউ গণেশ কনস্ট্রাকশন

Pan No. AALFN0356M

ঠিকানা - প্রয়ত্নে দেবজ্যোতি বন্দ

রজনী মুখাজ্জী লেন, উকিলপাড়া,

পোঃ- কৃষ্ণনগর, থানা- কোতয়ালী,

জেলা- নদীয়া, পিন - ৭৪১১০১।

পক্ষে অথরাইজড সিগনেটরী -

শ্রী দেবজ্যোতি বন্দ, পিতা- দীপেন্দ্র বন্দ

সাং- রজনী মুখাজ্জী লেন, উকিলপাড়া, পোঃ- কৃষ্ণনগর,

থানা- কোতয়ালী, জেলা- নদীয়া।

কস্য স্থাবর সম্পত্তি রায়ত স্বত্ত্বের জমাজমির স্বত্ত্বাংশ মায় তদুপরিস্থিত (জি+৫) বিশিষ্ট বিল্ডিং এর  
 ..... তলে বা ..... ফ্লোরে ..... দিকে ফ্ল্যাট নং '....' নামাঙ্কিত ছাদের উপরিস্বত্ত্ব  
 অধিকার ব্যতিরেকে মেঝে হইতে ছাদের বীমের নীচ অবধি উচ্চতা বিশিষ্ট কমন দেওয়াল সম্পত্তি  
 ..... বর্গফুট কভারড এরিয়া তৎসহ ২৫ শতাংশ সুপার বিল্ড সহ ..... বর্গফুট ফ্ল্যাট কমন  
 স্বত্ত্বাদি ও তলস্থ অবিভক্ত জমির আনুপাতিক মালিকানা স্বত্ত্ব মায় বিক্রিত সম্পত্তিতে প্রবেশ ও বাহির  
 হইবার যাতাযাতের কমন স্বত্ত্ব সুবিধা মায় ইজিমেন্ট ও যাবতীয় স্বত্ত্বাদিসহ বিক্রয় কোবালা দলিল পত্র  
 মিদং কার্য্যাধিকারে কমন স্বত্ত্ব সুবিধা মায় ইজিমেন্ট ও যাবতীয় স্বত্ত্বাদিসহ বিক্রয় কোবালা দলিল পত্র  
 মিদং কার্য্যাধিকারে এ.ডি.এস.আর. অফিসে রেজিস্ট্রীকৃত ১৩০২০৬৪৬২ নং বিক্রয় কোবালা দলিল মূলে  
 ৯৩নং গোয়াড়ী মৌজা মধ্যে ৫৫৩ দাগে ০৮ শতক এবং ৫৫৪ দাগে ০৮ শতক মোট ১২ শতক  
 সম্পত্তি দলীল কুমার বিশ্বাস মহাশয় দীগরের নিকট হইতে এবং গত ইংরাজী ২৮.০৮.২০১৭ তারিখে  
 কৃষ্ণনগর এ.ডি.এস.আর. অফিসে রেজিস্ট্রীকৃত ১৩০২০৬৪৬২ নং বিক্রয় কোবালা দলিল মূলে  
 ৯৩নং গোয়াড়ী মৌজা মধ্যে ৫৫৩ দাগে ০৮ শতক এবং ৫৫৪ দাগে ০৮ শতক মোট ১২ শতক  
 সম্পত্তি দলীল কুমার বিশ্বাস মহাশয় দীগরের নিকট হইতে ৯৪ নং গোবিন্দসড়ক মৌজা মধ্যে  
 আর.এস. ৫৫৯ এল.আর. ৬৫৭ নং দাগে ৩.৩০ শতক ও গত ইংরাজী ২৬.১০.২০১৭ তারিখে এই  
 অফিসে রেজিস্ট্রীকৃত ১৩০২০৭৬২২ নং বিক্রয় কোবালা দলিল মূলে মৃত কালীপদ দাস মহাশয়ের  
 পুত্র বিমান কুমার দাস দীগরের নিকট হইতে ৯৪ নং গোবিন্দসড়ক মৌজা মধ্যে আর.এস. ৫৫৯  
 এল.আর. ৬৫৭ নং দাগে ২.৮৫ শতক ভূ-সম্পত্তি খরিদ করিয়া পৃথক পৃথক এল.আর. খতিয়ানে  
 নিউ গণেশ কনস্ট্রাকশনের নামে সমগ্র জমি একত্রিত করিয়া কৃষ্ণনগর পৌরসভায় ফার্মের নামে  
 নাম পক্ষে করাইয়া ট্যাক্সাদি প্রদান করিয়া রসিদ প্রাপ্ত হইয়া মালিক স্বত্ত্বাবান ও ভোগদখলীকার আছি  
 বা হইতেছি।

এক্ষনে উক্ত (জি+৫) বিশিষ্ট বিল্ডিং এর ..... তলে / ..... ফ্লোরে '.....' নং  
ফ্ল্যাটের ছাদের উপরিস্থিত অধিকার ব্যতিরেকে মেঝে হইতে ছাদের বীমের নীচ অবধি উচ্চতা বিশিষ্ট  
..... বর্গফুট কভারড এরিয়া তৎসহ ২৫ শতাংশ সুপার বিল্ড সহ ..... বর্গফুট ফ্ল্যাট মায়  
তলস্থ জমির আনুপাতিক মালিকানা স্থিত, সব ধরনের কমন স্থিত সহ অত্র বিব্রেতাগণ .....  
(মঃ ..... ) মাত্র মূল্যে বিক্রয় করিবার ঘোষণা করিলে আপনারা অত্র  
ক্ষেত্র উহা জানিতে পারিয়া উক্ত সম্পত্তি উপরিউক্ত মূল্যে খরিদ করিবার ইচ্ছা প্রকাশ করিলে  
আমরা যাচাই পুর্বে খরিদেছু অন্যান্য ব্যক্তিগণের মধ্যে আপনাদের কথিত মূল্যই সর্বোচ্চ ও  
নায় বিবেচনায় আপনাদের নিকট বিক্রয় স্থির করিয়া আপনাদের নিকট হইতে কথিত মূল্যের মধ্যে  
(মঃ ..... ) টাকা .....

আমাদের ফার্মের বরাবর বুঝিয়া  
পাইয়া এবং সরকার নির্ধারিত মূল্যের উপর ষ্ট্যাম্প প্রদান করাইয়া আপনাদের ফার্মের বরাবর অত্র  
বিক্রয় কোবালা দলিল লিখিয়া দিয়া এতদ্বারা স্বীকার ও অঙ্গীকার করিতেছি যে অত্র বিক্রিত  
সম্পত্তিতে আমাদের যাহা কিছু স্বত্ত্ব, দখল, অধিকারাদি ছিল বা আছে তাহা অদ্য হইতে রদ, রহিত  
হইয়া আপনাদের প্রতি সম্পূর্ণরূপে নিবৃঢ় স্বত্ত্বে বর্তিল ও অর্পিল। আপনারা কোবালা গ্রহীতাদ্বয়  
অদ্য এই দলিল বলে তপশীল বর্ণিত সম্পত্তিতে আমাদের যাবতীয় স্বত্ত্বে স্বত্বান, ভোগদখলীকার  
হইয়া নদীয়া কালেকটার বাহাদুর সেরেন্টায় ও স্থানীয় পৌরসভায় আপনাদের নিজ নিজ নাম পত্রে  
খাজনাদি ও ট্যাঙ্কাদি প্রদানে দান, বিক্রয় সহ সর্ব প্রকার হস্তান্তরকরণের ক্ষমতাযুক্তে নিজ ওয়ারিশ  
উত্তরাধিকারী স্থলাভিষিক্তগণক্রমে চিরকালে নিমিত্তে যদৃচ্ছা দখলভোগ করিতে থাকুন বা থাকিবেন  
তাহাতে কঢ়িন কালেও আমরা অত্র কোবালা দাতাগণ বা আমাদের অপর কোন ওয়ারিশ উত্তরাধিকারী  
স্থলাভিষিক্তগণ কেহ ভবিষ্যতে কোন প্রকার ওজর আপত্তি দাবী-দাওয়া করিতে পারিব না বা  
পারিবেক না বা করিলেও তাহা অত্র বিক্রয় কোবালার বলে সর্বত্র সর্বাদালতে বাতিল, অগ্রহ ও  
নামঞ্চুর হইবে। বিক্রীত সম্পত্তি আমরা ইতিপূর্বে অন্য কোন স্থানে কাহারো নিকট দান, বিক্রয়,  
হস্তান্তর কোন কিছু করি নাই বা করা নাই বা কোন সরকারী অথবা বেসরকারী আর্থিক সংস্থার নিকট  
জমা, বন্দক করি নাই বা বিক্রয়ের নিমিত্তে আপনারা ব্যক্তিত অপর কাহারো সহিত বায়নানামা  
চুক্তিতে আবদ্ধ হই নাই। সম্পূর্ণ নির্দায়, নির্দোষ মুক্তাবস্থায় থাকাকালীন আপনাদের নিকট বিক্রয়  
করিলাম। যদি ভবিষ্যতে কোন প্রকার তপ্তকতা মূলক কার্য প্রকাশ পায় বা পাইয়া আপনাদের দখল  
ভোগের কোন প্রকার বাধা-বিঘ্ন ঘটে তাহা হইলে মূল্যের সমূদয় টাকা আপনাদের বরাবর এককালীন  
ফেরৎ দিতে বাধ্য থাকিলাম। অন্যথায় সর্ববিধ দেওয়ানী ও ফৌজদারী আইন আমলে আসিবেক।  
যদি অদ্যকার তারিখে সম্পাদিত বিক্রয় দলিলে কোন প্রকার ভুলগ্রস্তি প্রকাশ পায় বা পাইয়া আপনাদের  
দখলভোগের কোন প্রকার বাধা-বিঘ্ন ঘটে তাহা হইলে তদনিমিত্তে অম সংশোধনী দলিল করিয়া দিতে

ওয়ারিশ উত্তরাধিকারীগণক্রমে চিরকালের নিমিত্তে বাধ্য রহিলাম। উল্লেখ থাকে যে, নিম্ন তপশীল বর্ণিত বিক্রীত ফ্ল্যাটের ভিতরের নিজ অংশ ব্যতীত মূল কাঠামোর কোন রকম পরিবর্তন, পরিবর্দ্ধন করিতে পারিবেন না। বহির্ভাগে কোনরূপ পরিবর্তন, পরিবর্দ্ধন, নির্মান কার্য্যাদি আপনারা কোবালা প্রয়োজন করিতে বা করাইতে পারিবেন না বা বিক্রীত ফ্ল্যাটের দেওয়ালে বা ছাদের ক্ষতি হয় বা আবাসন ফ্ল্যাট বাড়ীর শান্তি-শৃঙ্খলা বিহ্বিত হয় বা পরিবেশ অপরিচ্ছন্ন নোংরা আবর্জনা থাকে এইরূপ কোন কার্য্যাদি, ব্যবসা বা শিল্প কার্য্যাদি নিম্ন তপশীল বর্ণিত বিক্রীত আবাসন ফ্ল্যাটে আপনারা বা আপনাদের ওয়ারিশ উত্তরাধিকারীগণ করিতে পারিবেন না। আবাসন ফ্ল্যাট বাড়ীর নিয়ম শৃঙ্খলা ওয়ারিশ উত্তরাধিকারীগণক্রমে মানিয়া চলিতে আপনারা বাধ্য থাকিলেন। নিম্ন তপশীল বর্ণিত আবাসন ফ্ল্যাটের অভ্যন্তরে আপনারা নিজ অর্থ ব্যয়ে ইলেকট্রিক কানেকশন গ্রহণ করিবেন এবং তদবাবদ যাবতীয় দায় দায়ীত্ব, ব্যয়ভার আপনারা বহন করিতে বাধ্য থাকিলেন। উক্ত আবাসন ফ্ল্যাট বাড়ীর সকল কমন সুবিধা ও স্বত্ত্ব ভোগের জন্য প্রয়োজনীয় খরচাদি, লিটিগেশন কষ্ট ও অন্যান্য খরচ আপনারা প্রয়োজন করিতে বাধ্য থাকিলেন। উক্ত কমন দেওয়ালে কোনরূপ ক্ষতিসাধন আপনারা করিতে পারিবেন না।

এতদার্থে সুস্থ শরীরে, সরল মনে, অন্যের বিনা অনুরোধে অত্র বিক্রয় কোবালা দলিল পড়িয়া মর্ম সম্যকরূপে অবগত হইয়া নিম্ন লিখিত সাক্ষীগণ সম্মুখে আমরা কোবালা দাতার পক্ষে অথরাইজড সিগনেটরী নিজ নিজ সহি সম্পাদন করিয়া দিলাম।

ইতি বাংলা ১৪২৬ সনের ..... , ইংরাজী- .....

#### -ঃ সম্পত্তির তপশীল পরিচয় :-

জেলা- নদীয়া, থানা- কোতয়ালী, এ্যাডিশনাল ডিপ্রিটেট সাব রেজেন্ট্রী অফিস কৃষ্ণনগর, ৯৩ নং  
গোয়াড়ী মৌজার বর্তমান মালেক পঃ বঃ সরকার পক্ষে নদীয়ার কালেকটর বাহাদুর সেরেন্টায় লিখিত আর.এস. ৩১ নং, এল.আর. ২৬৬১ নং খতিয়ানে আর.এস. ও এল.আর. ৫৫৩ দাগে ০৪ শতক এবং আর.এস. ৫৫৪ দাগে ০৮ শতক, মোট ১২ শতক এবং উক্ত এবং উক্ত জেলা উক্ত থানা উক্ত সাব রেজেন্ট্রী এলাকাধীন ৯৪ নং গোবিন্দসড়ক মৌজার বর্তমান মালেক পঃ  
বঃ সরকার পক্ষে নদীয়ার কালেকটর বাহাদুর সেরেন্টায় লিখিত আর.এস. ৩৩৯ নং, এল.আর.  
৫৭৪১ নং খতিয়ানে আর.এস. ৫৫৯ এল.আর. ৬৫৭ দাগে ০৬.১৫ শতক, একুনে দুইটি মৌজার  
পৃথক পৃথক দাগে মোট ১৮.১৫ শতক জমি তদুপরিস্থিত ষষ্ঠতল (জি+৫) আবাসন বাড়ীর .....  
তলে / ..... ফ্লোরে ..... দিকে ‘.....’ নং ফ্ল্যাট ছাদের উপরিস্বত্ত্ব অধিকার ব্যতিরেকে মেঝে  
হইতে ছাদের বীমের নিচ অবধি উচ্চতা বিশিষ্ট কমন দেওয়াল সম্বলিত ..... বর্গফুট কভারড

বাস্তুকল্পনা এবং  
সম্মতিমন্তবের  
ক্ষেত্রে ক্ষেত্রে  
নির্দেশ নথি

-০০ ৫০০-

এরিয়া তৎসহ ২৫ শতাংশ সুপার বিল্ড সহ ..... বর্গফুট ফ্ল্যাট মায় যাতায়াতের কমন প্যাসেজ, কমন করিডর, কমন সিঁড়ি, কমন লিফট সর্বোচ্চ তলের ছাদ ব্যবহারের কমন স্বত্ত্ব (উক্ত ছাদে কোন প্রকার নির্মান কার্য্য ও গাছের টব রাখার স্বত্ত্বাধিকার ব্যতিত) একতলে দিচ্ছ্রী যান রাখিবার কমন স্বত্ত্ব, একতলে কমন অংশে নিজস্ব ইলেকট্রিক মিটার বসাইবার শর্ত সুবিধা, জল নিষ্কাশনে কমন সুবিধা, কমন জলতোলার মটর, কমন পাইপলাইন, কমন জল সরবরাহ ও কমন জল ট্যাঙ্ক মায় নিচ তলে আবাসনের কমন সেপটিক ট্যাঙ্ক-এর সুবিধা সহ তলস্থ জমির আনুপাতিক মালিকানা স্বত্ত্ব সহ যাবতীয় ইজিমেন্ট স্বত্ত্বাদি সহ বিক্রিত মাত্র। অত্র সম্পত্তির হারাহারি খাজনা যাহা সরকার বাহাদুর ও স্থানীয় পৌরসভা কর্তৃক ধার্য্য হইবে, তাহা আপনি আদায় দিবেন। অত্র সম্পত্তি কৃষ্ণনগর পৌরসভার ২২ নং ওয়ার্ডের রবীন্দ্রনাথ ঠাকুর রোডে অবস্থিত ৮৪ নং হোল্ডিং ভুক্ত সম্পত্তি হইতেছে।

#### মোজা - ৯৩ গোয়াড়ী

খতিয়ান নং - আর.এস. ৩১, এল.আর. ২৬৬১

দাগ নং

আর.এস. ও এল.আর. ৫৫৩

আর.এস. ও এল.আর. ৫৫৪

পরিমাণ

০৪.০০ শতক

০৪.০০ শতক

মোট - ১২.০০ শতক

#### মোজা - ৯৪ গোবিন্দ সড়ক

খতিয়ান নং - আর.এস. ৩৩৯, এল.আর. ৫৭৪১

দাগ নং

আর.এস. ৫৫৯

এল.আর. ৬৫৭

পরিমাণ

০৬.১৫ শতক

সর্ব মোট - ১৮.১৫ শতক জমির উপরিস্থিত

(জি+৫) ষষ্ঠতল বিশিষ্ট আবাসন বাড়ীর

..... তলে/..... ফ্লোরে '...' নামাঙ্কিত

..... বর্গফুট কভারড এরিয়া তৎসহ

২৫ শতাংশ সুপার বিল্ড সহ .....  
বর্গফুট ফ্ল্যাট মায় তদুপরিস্থিত যাবতীয়

কমন ও ইজিমেন্ট স্বত্ত্বাদি ও তলস্থ জমির

আনুপাতিক মালিকানা স্বত্ত্ব সহ

বিক্রিত মাত্র।

বিক্রিত ফ্ল্যাটের চৌহদি  
নথুলা কর্নফ্লোর এবং  
সিগনেটরি  
কম্পানি  
গুপ্ত অভিযন্তা  
বিক্রিত  
কর্মসূচি

-৪৪ ৬ ৪৪-

### - : আবাসন বাড়ীর চৌহদি :-

উত্তরে - পদ্মরাজ লজ। দক্ষিণে - পৌরসভার গলি রাস্তা। পূর্বে - রবীন্দ্রনাথ ঠাকুর রোড। পশ্চিমে - ভগুপ্রায় অঙ্গাত ব্যান্ডির সম্পত্তি।

### - : বিক্রিত ফ্ল্যাটের চৌহদি :-

উত্তরে - ..... | দক্ষিণে - ..... | পূর্বে - .....  
..... | পশ্চিমে - ..... |

নোট :- অত্র বিক্রয় কোবাল দলিলের অন্তিম পাতায় কোবালা দাতার পক্ষে অথরাইজড সিগনেটরী  
এবং কোবালা গ্রহীতার ছবি সহ দশ আঙুলের প্রত্যয়িত টিপ ছাপ সংযুক্ত রহিল, যাহা অত্র দলিলের  
একাংশ বলিয়া গণ্য হইবে।

অত্র বিক্রিত কোবালা দলিল খানি পাঠ করিয়া  
কোবালা দাতার পক্ষে অথরাইজড সিগনেটরী ও  
গ্রহীতাকে শুনাইলাম ও বুঝাইলাম এবং উহাদের  
নির্দেশানুসারে আমা কর্তৃক ড্রাফট করা হইল।

মুসাবিদা প্রস্তুত কারক ও পাঠক :-

ইসাদী :-

১।

(সোমনাথ দত্ত)

এ্যাডভোকেট

২।

জজ কোর্ট, কৃষ্ণনগর, নদীয়া।

এন্রোলমেন্ট নং - F1072/913/06

টাইপ কারক

শান্তনু বঙ্গ, কৃষ্ণনগর, নদীয়া।